

সমকাল

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে পড়াশোনা সাংবাদিকতা ও গণযোগাযোগ

১২ ঘণ্টা আগে

তারিক হাসান



আজকাল শিক্ষিত উচ্চবিভাগ-মধ্যবিভাগ অথবা নিম্নবিভাগ কারোরই জীবনে মিডিয়ার অনুপস্থিতি কল্পনা করা যায় না। এই যে মানুষের নিত্যদিনের সাথী মিডিয়া, এর বিরাট একটি অংশজুড়ে আছে অবশ্যই খবর। এ ছাড়া বিনোদন, তথ্য, শিক্ষার মতো বিষয়গুলো তো রয়েছেই। বয়স, ধর্ম, বিশ্বাস, সাংস্কৃতিক ও রাজনৈতিক অবস্থানভেদে একেক জনের কাছে এর অর্থ একেক রকম হতে পারে, কিন্তু সংবাদমাধ্যম বা মিডিয়া আপাতদৃষ্টিতে জড় পদার্থ হলেও এটি এক অদ্ভুত জীবনী শক্তির উৎস। এই মিডিয়া যারা টিকিয়ে রেখেছেন তারা মিডিয়াকর্মী। দেশে প্রতিনিয়ত মানুষ মিডিয়ামুখী হওয়ার সঙ্গে সঙ্গে প্রয়োজন দেখা দিয়েছে দক্ষ একদল মিডিয়াকর্মীর। দেশের জার্নালিজম পেশাকে আরও দক্ষ ও পেশাদার করে গড়ে তোলা এবং মিডিয়ার মানোন্নয়নে বিশেষ ভূমিকা রাখার লক্ষ্যেই ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি প্রতিষ্ঠা

করেছে 'সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগ'। সাংবাদিকতা আজ আর দশটা পেশার চেয়ে বেশি সম্মানজনক হওয়ায় এ পেশায় ক্যারিয়ার গড়তে মেধাবীরা অনেকেই চেষ্টা চালিয়ে যাচ্ছেন; কিন্তু যে কোনো পেশাতেই ভালো ক্যারিয়ার গড়তে হলে প্রয়োজন প্রাতিষ্ঠানিক শিক্ষা। বাংলাদেশের প্রেক্ষাপটে সাংবাদিকতা তথা মিডিয়া যেভাবে সম্প্রসারিত হচ্ছে এবং তার রূপ ক্রমেই যেভাবে পেশাদারিত্বের দিকে ঝুঁকছে, সে তুলনায় পেশাদার কর্মী গড়ার প্রতিষ্ঠান একেবারেই অপ্রতুল। এই অভাবকে পূরণ করার মানসেই গুণগত শিক্ষার নিশ্চয়তার দৃঢ় প্রত্যয় নিয়ে মূলত ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এই উদ্যোগ। প্রতিষ্ঠার শুরুতেই মিডিয়া জগতের স্বনামধন্য ব্যক্তির বিভিন্নভাবে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগে দায়িত্ব পালন করেছেন। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগে রয়েছে চার বছর মেয়াদি অনার্স এবং পরে এক বছর মেয়াদি মাস্টার্স ডিগ্রি। ছাত্রছাত্রীদের জন্য রয়েছে মানসম্মত পাঠাগার, ফিল্ম ক্লাব, অনলাইন পত্রিকা, স্ট্যাডি সার্কেল গ্রুপ, পত্রিকায় লেখালেখির সুযোগ ইত্যাদি। ছাত্রছাত্রীরা ক্যাম্পাস রেডিও পরিচালনা ও অনলাইন পত্রিকা সম্পাদনা ও প্রকাশনার সুযোগ পাচ্ছেন। তাছাড়া ক্যাম্পাসগুলো ওয়াইফাই নেটওয়ার্কের আওতায় আনার ফলে শিক্ষার্থীরা পাচ্ছেন সার্বক্ষণিক ইন্টারনেট সুবিধা। আর অনার্সে ভর্তি হওয়া শিক্ষার্থীরা এক বছরের মাথায় হাতে পাচ্ছেন বিনামূল্যে একটি ল্যাপটপ। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগে জানুয়ারি, মে এবং সেপ্টেম্বর সেশনে ভর্তি হওয়া যায়। ভর্তির তথ্য পেতে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ৪/২ সোবহানবাগ, ধানমন্ডি, ঢাকা এই ঠিকানায় যোগাযোগ করতে হবে। টেলিফোন - ৯১২৮৭০৫, ৯১৩২৬৩৪। মোবাইল : ০১৭১৩৪৯৩০৫০-১, ০১৬৮৩৫৫৯৭৫৮। www.daffodilvarsity.edu.bd

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com